

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.৫৯০০.০০০.১৪.০০৮.১৫. ১৬১৬

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৬-২০১৭ অর্থ বছরে মুন্সীগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্র: মুন্সীগঞ্জ জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪১.৫৯০০.০০৪.১৪.০০৫.১৫-১১৪ (সং), তারিখ: ১৯/৬/২০১৭।

২০১৬-২০১৭ অর্থ বছরে মুন্সীগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৫৫,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প ২টি নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

ক্র: নং	প্রকল্পের নাম	ব্যয়াদের পরিমাণ
১	মুন্সীগঞ্জ সদর উপজেলাধীন মোল্লাকান্দি ইউনিয়ন পরিষদের ৭ নং ওয়ার্ডের চরবেশনার গ্রামের খালের উপর ফুট ব্রিজ নির্মাণসহ ব্রিজ এপ্রোচ রোড উন্নয়ন	২৫,০০,০০০/-
২	সিরাজদিখান উপজেলাধীন মালখানগর ইউনিয়নের ফুরসাইল সমুদ্র দাসের বাড়ীর নিকট ফুট ব্রিজ নির্মাণ	৩০,০০,০০০/-

শর্তসমূহ:

- ১) প্রকল্প দুইটির প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, মুন্সীগঞ্জ কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ২) পিপিআর ২০০৮- এর এসংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণ করে প্রকল্প ২টি বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) প্রকল্প দুইটি বাস্তবায়নের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৪) প্রকল্প দুইটি সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ মুন্সীগঞ্জ এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।


(জুবাইদা নাসরীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মুন্সীগঞ্জ।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা (অনুমোদিত প্রকল্প দুটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।